myVirtualCare Portal

রোগী এবং যত্নদানকারীদের জন্য ব্যবহারীক গাইড

User guide for patients and carers

Bengali

myVirtualCare -তে প্রবেশ করা

আলোচনায় অংশগ্রহনের জন্য আপনাকে একটি লিঙ্ক দেয়া হবে। একটি উপযুক্ত ব্রাউজার খুলুন (নীচের টিপ দেখুন), তারপর আপনার অ্যাপয়েন্টমেন্টের সাথে সংযোগ করার জন্য লিঙ্ক এবং পদক্ষেপগুলো অনুসরণ করুন।

১. ড্রপডাউন তালিকা ব্যবহার করে আপনার সম্পর্কে বিশদ বর্ণনা দিন এবং আপনার ভূমিকা সনাক্ত করুন।

২. **Next (পরবর্তী)** বোতামটি ক্লিক করুন।





টিপ

myVirtualCare -এর সাথে সফল সংযোগ ঘটা আপনার ইন্টারনেটের গতি, ডিভাইস এবং ব্রাউজারের উপর নির্ভর করে। কমপক্ষে 1Mbps -এর আপলোড এবং ডাউনলোড গতি প্রয়োজন। আপনি www.speedtest.net -তে গিয়ে আপনার সংযোগের গতি পরীক্ষা করতে পারেন এবং www.whatismybrowser.com -তে গিয়ে আপনার ব্রাউজার পরীক্ষা করতে পারেন

সিস্টেমের জন্য আরও প্রয়োজনীয় তথ্য এখানে পাওয়া যাবে www.aci.health.nsw.gov.au/__data/assets/pdf_file/0018/630252/MyVirtualCare-Recommended-System-Requirements.pdf

১৫ মিনিট ব্যাপী ভিডিও কলের জন্য আনুমানিক 80MB ডাটা এবং শুধুমাত্র অডিও কলের জন্য 10MB ডাটা লাগে।

উপযুক্ত ব্রাউজার

	Apple Safari-এর 11.1 এবং পরের সংস্করণ
	Google Chrome-এর 80+ সংস্করণ
	Mozilla Firefox-এর 60+ সংস্করণ
	Microsoft Edge-এর 80+ সংস্করণ

অডিও এবং ভিডিও পরীক্ষা

আলোচনায় যোগদানের আগে আপনাকে স্বয়ংক্রিয়ভাবে আপনার অডিও এবং ভিডিও ডিভাইসগুলো পরীক্ষা করতে অনুরোধ করা হবে।

১. **Audio Settings** ড্রপডাউন থেকে আপনার পছন্দসই মাইক্রোফোন নির্বাচন করুন।

২. **Test Microphone** বোতামটি ক্লিক করুন, কিছু বলুন এবং এটি আপনাকে রেকর্ডটি বাজিয়ে শোনাবে।

৩. **Video সেটিংস** ড্রপডাউন তালিকা থেকে আপনার পছন্দসই **Camera** নির্বাচন করুন, **Test Video** বোতামটি ক্লিক করুন।

৪. আপনি এখন আপনার ক্যামেরা থেকে ভিডিও স্ক্রিনে দেখতে পাবেন।

৫. দেখা সম্পূর্ণ হয়ে গেলে, **Next** বোতামটি ক্লিক করুন।

৬. আপনার অডিও এবং ভিডিওর গুণমান মূল্যায়ন করুন এবং **Finish (শেষ)** বোতাম ক্লিক করুন। আপনার ক্লিনিশিয়ান আপনার ডিভাইস পরীক্ষার ফলাফল দেখতে পাবেন। সংযোগ করতে আপনার যদি কোনও প্রযুক্তিগত সমস্যা হয় তবে অনুগ্রহ করে আপনার পরিষেবা সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন।



NSW GOVERNMENT | Health

ACI/D21/550 | ACI 0351 [03/21]

৭. আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় প্রদান করুন এবং যদি অনুরোধ করা হয় তবে আপনার ক্লিনিশিয়ান নির্বাচন করুন।

যত্নদানকারীদের কিছু অতিরিক্ত প্রশ্ন জিজ্ঞাসা করা হবে।



৮. লগ ইন করার পর আপনাকে একটি ভার্চুয়াল ওয়েটিং রুমে স্থানান্তর করা হবে। সেই রুমে প্রবেশের পরে, আপনার ক্লিনিশিয়ানকে জানানো হবে যাতে তারা অবহিত হতে পারে যে আপনি অপেক্ষা করছেন।

পরামর্শ কল নিয়ন্ত্রণ

এই কল নিয়ন্ত্রণগুলো উইন্ডোর নীচে স্বয়ংক্রিয়ভাবে লুকানো থাকবে এবং আপনি স্ক্রিনটি সক্রিয় করলে পুনরায় দেখা যাবে (মাউস সরালে/টাচ স্ক্রিন স্পর্শ করলে)।

মাইক্রোফোন

আপনি যখন কথা বলবেন না তখন আপনি মাইক্রোফোনটি নিরব বা মিউট করে রাখতে পারেন।

আলাপ

আপনি **Chat Window**-তে টাইপ করে এবং আপনার কীবোর্ডে এন্টার টিপে বা **Send (প্রেরণ)** আইকনে ক্লিক করে আলাপ করতে পারেন।

আপনি chat window-এর মাধ্যমে নথি এবং ফটোও সংযুক্ত করতে পারেন।

১. **Paper clip** আইকন ক্লিক করুন।
২. **Choose file to upload** ক্লিক করুন এবং **Finish** ক্লিক করুন।

আলচনা শেষ করা

আপনার অ্যাপয়েন্টমেন্ট শেষ হলে, শুধুমাত্র আপনার ভিডিও স্ক্রিনের নিচে **Call Control** বারে টেলিফোন বোতামটি ক্লিক করুন।

১. **Yes** বোতামটি ক্লিক করুন।

আপনার আলোচনা শেষ হওয়ার পরে আপনাকে একটি সংক্ষিপ্ত জরিপ সম্পূর্ণ করতে বলা হবে। আপনার অভিজ্ঞতা সম্পর্কে আপনার প্রতিক্রিয়া আমাদের কাছে মূল্যবান।

আলোচনার জন্য লিঙ্ক

ক্লিনিকের নাম

ক্লিনিকের সাথে
যোগাযোগের নম্বর

NSW GOVERNMENT | Health